

সম্ভ্রাসের বিহ্বলতা নিজেৰে অপমান ।
সংকটের কল্পনাতে হোয়ো না শ্রিয়মান ।
মুক্ত করো ভয়,
আপনা-মাঝে শক্তি ধরো, নিজেৰে করো জয় ।
দুৰ্বলেৰে রক্ষা করো, দুৰ্জনেৰে হানো,
নিজেৰে দীন নিঃসহায় যেন কভু না জানো ।
মুক্ত করো ভয়,
নিজেৰ 'পরে করিতে ভর না রেখো সংশয় ।
ধৰ্ম যবে শঙ্খরবে করিবে আহ্বান
নীৰব হয়ে নম্র হয়ে পণ করিয়ো প্রাণ ।
মুক্ত করো ভয়,
দুরূহ কাজে নিজেৰি দিয়ো কঠিন পরিচয় ।

Parjaay: Chitrangada, Taal: Dadra, Raag: Iman-Kalyan
Visit www.geetabitan.com for notation and other detail